

## সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

### প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির একবিংশ সভার কার্যবিবরণী

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির একবিংশতম সভা ২০ জুন ২০২৪ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার (অবসরপ্রাপ্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন:

১. মো: মাহবুবুল আলম, এফসিএমএ, সদস্য  
পরিচালক (অর্থ ও ক্রয়), এসডিএফ
২. মি.জ. ফওজিয়া তৌহিদ সদস্য  
মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স), এসডিএফ
৩. মো: হেদায়েত উল্লাহ সদস্য  
মহাব্যবস্থাপক (প্রশাসন), এসডিএফ

বিশেষ আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেন:

১. মি.জ. মারুফা আক্তার রুমা, সহকারী ব্যবস্থাপক, সুশাসন ও জবাবদিহিতা, এসডিএফ।

#### সভার আলোচ্যসূচী:

১. গত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।
৩. বিবিধ।

#### আলোচ্যসূচী-১:

গত ২৭ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠন, দৃঢ়করণ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

#### আলোচনার সারসংক্ষেপ:

সভার শুরুতে এসডিএফ নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার (অবসরপ্রাপ্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার) উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অতঃপর গত ২৭ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির বিংশ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা বা কারো

২

কোনো মন্তব্য আছে কিনা জানতে চাওয়ায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটিতে গৃহিত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে ঐকমত্য প্রকাশ করেন।

### আলোচ্যসূচী-২:

এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিষয়ে আলোচনা।

### আলোচনার সারসংক্ষেপ:

নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ড. অমিতাভ সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের অগ্রগতি জানতে চাইলে এসডিএফ নৈতিকতা কমিটির সদস্যগণ অবহিত করেন যে, এসডিএফ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে কাজ চলমান রয়েছে। মূলতঃ প্রতি প্রান্তিকের পরের মাসের ৭ তারিখের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

### সিদ্ধান্ত:

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৪র্থ (চতুর্থ) প্রান্তিকের লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতির হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে পেশ করতে হবে।

### আলোচ্যসূচী-৩:

#### বিবিধ

### আলোচনার সারসংক্ষেপ:

বিবিধ আলোচনায় অংশ নিয়ে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ সভাকে অবহিত করেন যে, এসডিএফ মাঠ পর্যায়ের সকল অফিসে মাসিক কর্মপরিকল্পনা দাখিল এবং সে আলোকে কর্মসম্পাদন করা এবং নিজ নিজ সুপারভাইজার এর নিকট মাস শেষে অগ্রগতি প্রতিবেদন দাখিল করার নিয়ম চালু থাকলেও প্রধান কার্যালয়ে তা অনুপস্থিত রয়েছে। এসডিএফ প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দের কর্মপরিকল্পনা দাখিল বিষয়ে আলোচনায় এটা স্পষ্টত প্রতীয়মান হয় যে, কর্মক্ষেত্রে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠার জন্য কার্যালয়ের কর্মকর্তাবৃন্দের কর্মপরিকল্পনা দাখিল এবং সে অনুযায়ী কাজ হচ্ছে কিনা তা ফলোআপ করা অত্যন্ত জরুরী বিষয়।

### সিদ্ধান্ত:

এসডিএফ-প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ তাৎপর্যপূর্ণ কর্মসমূহ অন্তর্ভুক্ত করে ত্রৈমাসিক কর্মপরিকল্পনা প্রতিবেদন সংস্থার ব্যবস্থাপনা পরিচালক বরাবরে দাখিল করবেন এবং প্রতি ৩ মাস অন্তর অন্তর উক্ত ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এর উপস্থিতিতে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে উপস্থাপন করবেন।


### আলোচনার সারসংক্ষেপ:

সম্মানিত সদস্যবৃন্দ উল্লেখ করেন যে, চাকুরীর ক্ষেত্রে ব্যক্তিগত অসুবিধা, কর্মপরিবেশের সমস্যা, প্রশাসনিক প্রতিকারের ঘাটতি, অসৌজন্যমূলক আচরণ ও মানসিক পীড়ণ প্রভৃতি বিষয়ে সংস্থার ব্যবস্থাপনা পরিচালক এর সাথে সরাসরি কথা বলার বিষয়ে আলোচনা করা হয়।

### সিদ্ধান্ত:

এসডিএফ প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের উল্লেখিত কোন অভিযোগ থাকলে এসডিএফ নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক কে প্রতি মাসের ০২ তারিখ সকাল ১০ ঘটিকায় ব্যক্তিগতভাবে অবহিত করতে পারবেন। উক্ত তারিখে সরকারি ছুটি থাকলে বা প্রকল্পের কাজে কিংবা অন্য কোন কারণে সংস্থার ব্যবস্থাপনা পরিচালক অফিসের বাহিরে অবস্থান করলে প্রতি মাসের ০২ তারিখের পরের কার্যদিবসে/ ব্যবস্থাপনা পরিচালক এর অফিসে অবস্থানের দিন কর্মকর্তাবৃন্দ তাদের কথা বলতে পারবেন। এই সিদ্ধান্ত প্রাথমিকভাবে শুধুমাত্র এসডিএফ প্রধান কার্যালয়ে চালু থাকবে। মাঠ কার্যালয়ের ব্যাপারে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে।

আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. অমিতাভ সরকার

ব্যবস্থাপনা পরিচালক

এবং

আহ্বায়ক, এসডিএফ নৈতিকতা কমিটি